



# THE CITY OF NEW YORK

## Office of School Health

Michael R. Bloomberg  
Mayor

Joel I. Klein  
Chancellor  
Department of Education

Thomas R. Frieden, M.D., M.P.H.  
Commissioner  
Department of Health and  
Mental Hygiene

সেপ্টেম্বর ২০০৭

প্রিয় পিতামাতা/অভিভাবক :

প্রতিষেধক প্রদান কর্মসূচি স্বাস্থ্যখাতে বিংশ শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ অর্জন হিসেবে চিহ্নিত করা হয়েছে। হাম, রুবেলা, ধনুষ্টংকার, চিকেন-পক্স এবং পোলিওর মতো অনেক রোগ প্রতিরোধের জন্য এর কৃতিত্ব রয়েছে। এই রোগগুলো গুরুতর অসুস্থতা, এমনকি মৃত্যুর কারণও হতে পারে। ইদানিং নতুন কিছু প্রতিষেধক সুপারিশ করা হয়েছে, যেগুলো অন্যান্য কিছু সংক্রমণ, যেমন হিউম্যান প্যাপিলোমাইনোভাইরাস এবং মেনিনগোকোকাল মেনিনজাইটিস থেকে সুরক্ষা দেয়। আমরা চাই যে, সকল কিশোর-কিশোরীদেরকে যেসব প্রতিষেধক দিতে হবে, সে-সম্পর্কে আপনারা সচেতন হবেন।

স্কুলে ভর্তির জন্য যে প্রতিষেধক নেয়া **আবশ্যিক** :

১. হেপাটাইটিস বি,
২. ধনুষ্টংকার/ডিপথেরিয়া/হুপিং-কাশি (সন্তানের বয়সের উপর নির্ভর করে ডি.টি.এপি., ডি.টি.পি., টি.ডি. বা টি.ডি.এপি.-এর মাধ্যমে দেয়া হয়),
৩. আই.পি.ডি. বা ও.পি.ডি. (পোলিও),
৪. এম.এম.আর. (হাম, মাম্পস্ এবং রুবেলা) এবং
৬. চিকেন পক্স

এ ছাড়াও, কিশোর-কিশোরীদের জন্য ২টি প্রতিষেধক সুপারিশ করা হয় :

১. মেনিনজাইটিস প্রতিষেধক (এম.সি.ডি.চার): এক ডোজ, ১১-১২ বছর বয়স থেকে শুরু করে।
২. হিউম্যান প্যাপিলোমাইনোভাইরাস (এইচ.পি.ডি) প্রতিষেধক: 'সারভাইক্যাল' ক্যান্সারের হাত থেকে সুরক্ষার জন্য, ৯-২৬ বছর বয়সী স্ত্রীলোকের জন্য সুপারিশ করা হয়। প্রতিষেধকটি তিন ডোজে দেয়া হয়, ০, ২, এবং ৬ মাসে। সবচেয়ে কম বয়সে এটি মেয়েদের দিলে তা খুবই কার্যকর হয়।

আপনার সন্তানের স্কুলের স্কুল-ভিত্তিক হেলথ-ক্লিনিকে, স্কুলে ভর্তি শিক্ষার্থীর জন্য, এসব প্রতিষেধক পাওয়া যায়। কিশোর-কিশোরীদের প্রতিষেধক গ্রহণের জন্য তাদের স্কুল-ভিত্তিক হেলথ ক্লিনিক একটি আদর্শ স্থান। এটি সুবিধাজনক এবং তা সব প্রয়োজনীয় ডোজ দেয়ার নিশ্চয়তা দেয়।

প্রতিষেধকের উপর আরো তথ্য সংযুক্ত করা হল এবং তা নিচের ওয়েবসাইটেও পাওয়া যাবে :

১. <http://www.cdc.gov/nip/>
২. <http://www.vaccineinformation.org>

আপনার কোন প্রশ্ন থাকলে বা আরো তথ্য পেতে চাইলে, অনুগ্রহ করে আপনার স্কুল-ভিত্তিক হেলথ ক্লিনিকে যোগাযোগ করুন।

বিনীত,

Roger Platt

Jane R. Foster

রজার প্ল্যাট, এম.ডি.  
পরিচালক

জেন.আর. ফোর এম.ডি., এম.এস.সি.  
অ্যাসিস্ট্যান্ট কমিশনার

এন.ওয়াই.সি.ডি.ও.এইচ.এম. এইচ./ডি.ও.ই.-অফিস অব স্কুল হেলথ

এন.ওয়াই.সি.ডি.ও.এইচ.এম. এইচ -বুরো অব ইমুনাইজেশন